



# বার্ষিক সহজিকরণ প্রতিবেদন ২০২০-২১

খাদ্য অধিদপ্তর  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং
	সেবা সহজীকরণ উদ্যোগসমূহ	
১	সরকারি খাদ্য গুদামের শ্রম-হস্তার্পণ কাজ পরিচালনা এবং শ্রমিকের ন্যায্য মজুরী পরিশোধ।	১
২	<b>Digitization of Analog Truck Scale</b>	১৩
	আইডিয়া রেল্লিকেশন:	
৩	রেল্লিকেশন সহজীকরণ উদ্যোগের শিরোনাম: খাদ্যশস্য সংগ্রহের বস্তায় স্পষ্ট ডিজিটাল স্টেনসিল প্রদান।	২০
৪	খাদ্য অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১	২৯

## সহজীকরণ উদ্যোগ:

### ১। সেবার নাম: সরকারি খাদ্য গুদামের শ্রম-হস্তার্পণ কাজ পরিচালনা এবং শ্রমিকের ন্যায্য মজুরী পরিশোধ।

অফিস প্রোফাইল:

#### ক) একনজরে অফিস

প্রতিষ্ঠানের নাম	বাংলা	খাদ্য অধিদপ্তর	
	ইংরেজি	Directorate General of Food	
	সংক্ষিপ্ত	Dgfood	
অফিস প্রধানের পদবি	মহাপরিচালক	নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ	খাদ্য মন্ত্রণালয়
অফিসের সংখ্যা	মোট ৫৫৮ টি (বিভাগীয় অফিস- ০৭, জেলা অফিস- ৬৪, উপজেলা- ৪৯২)		
জনবল	১৩,৭৯১		
অফিসের ঠিকানা	১৬, আব্দুল গণি রোড, ঢাকা।		
যোগাযোগ (ই-মেইল, ফোন, ফ্যাক্স)	ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪, ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭, ইমেইল: <a href="mailto:dg@dgfood.gov.bd">dg@dgfood.gov.bd</a> (মহাপরিচালকের দপ্তর)		
ওয়েবসাইটের ঠিকানা	<a href="http://www.dgfood.gov.bd">www.dgfood.gov.bd</a>		
যাতায়াতের বর্ণনা (গুগল ম্যাপসহ)	বাংলাদেশ সচিবালয় লিংক রোডের পাশে অবস্থিত। খাদ্য ভবন নামে বহুল পরিচিত।		

#### খ) অফিসের ভিশন ও মিশন

ভিশন: সবার জন্য পর্যাপ্ত ও নিরাপদ খাদ্য।

মিশন: সমন্বিত নীতি-কৌশল ও সরকারি খাদ্য ব্যবস্থাপনার মাধ্যমে সবার জন্য পর্যাপ্ত ও নিরাপদ খাদ্য সরবরাহ নিশ্চিত করা।

#### গ) অফিসের পরিচিতি ও ছবি (অনধিক ২০০ শব্দ)

বাংলার দুর্ভিক্ষ মোকাবেলায় প্রাদেশিক সরকার Bengal Rationing Order, 1943 জারী করে এবং Bengal Civil Supplies Dept. প্রতিষ্ঠা করে। বাংলাদেশ প্রতিষ্ঠার পর Food and Civil Supplies Ministry হিসেবে নতুন একটি মন্ত্রণালয় আত্মপ্রকাশ করে এবং এর অধীনে Directorate General of Food নামে একটি প্রতিষ্ঠান সৃষ্টি করা হয়। খাদ্য অধিদপ্তর বাংলাদেশ সরকারের অত্যন্ত গুরুত্বপূর্ণ বিভাগের একটিতে পরিণত হয়েছে।


#### লক্ষ্য ও উদ্দেশ্য:

- জরুরী গ্রাহকদের খাদ্যদ্রব্য ও অত্যাৱশ্যকীয় দ্রব্যাদি সরবরাহ করা (খাদ্যশস্য আমদানী, রেশন)।
- আপৎকালীন মজুদ গড়ে তোলা (নিরাপত্তা মজুদ)।
- খাদ্যশস্য উৎপাদনে স্বয়ম্ভরতা অর্জনে সহায়তা করা (অভ্যমন্ত্রণ সংগ্রহ)।
- সামাজিক নিরাপত্তা বেষ্টনী সম্প্রসারণ করা (ভিজিডি, ভিজিএফ, কাবিখা ও টিআর)।
- মূল্য স্থিতিশীলতা অর্জন করা (ওএমএস)।
- কার্যকর ও নির্ভরযোগ্য খাদ্য সংগ্রহ, সরবরাহ এবং বিতরণ ব্যবস্থাপনা।
- কৃষক এবং ভোক্তা-বান্ধব খাদ্য মূল্য কাঠামো অর্জন।
- কার্যকর ও যুগোপযোগী খাদ্য বিতরণ ব্যবস্থা/পদ্ধতি প্রবর্তন।
- খরা ও দুর্ভিক্ষ এবং খাদ্য সংকট পরিস্থিতি মোকাবেলার সফল ব্যবস্থাপনা।
- দরিদ্র ও সামাজিকভাবে বঞ্চিত জনগণকে খাদ্য সংগ্রহে সহায়তা প্রদান।
- খাদ্য নিরাপত্তা নীতিকে দুর্যোগ ব্যবস্থাপনা/ত্রাণ বিতরণ ব্যবস্থাপনার সাথে সমন্বিতকরণ।
- লক্ষ্যভিত্তিক খাতে জনসাধারণের কাছে খাদ্যশস্য যথাসময়ে পৌছানো।
- পেশাদারী, সক্ষম এবং দক্ষ কর্মীবাহিনী গড়ে তোলা।

### কার্যক্রম:

- দেশের সার্বিক খাদ্য ব্যবস্থাপনা ও উহা পরিচালনা করা।
- জাতীয় খাদ্য নীতির কলাকৌশল বাস্তবায়ন করা।
- নির্ভরশীল জাতীয় খাদ্য নিরাপত্তা পদ্ধতি প্রতিষ্ঠিত করা।
- নিরবিচ্ছিন্ন খাদ্য শস্যের সরবরাহ ব্যবস্থা প্রতিষ্ঠিত করা।
- খাদ্য খাতে বিভিন্ন প্রকার উন্নয়নমূলক প্রকল্প (স্কীম) প্রণয়ন ও বাস্তবায়ন করা।
- দেশে খাদ্য শস্য সরবরাহ পরিস্থিতির উপর নজর রাখা।
- খাদ্যশস্য সংগ্রহ এবং বিতরণ ব্যবস্থাসহ অন্যান্য খাদ্য সামগ্রী যেমন- চিনি, ভোজ্য তৈল, লবন ইত্যাদি সংগ্রহ ও বিতরণ ব্যবস্থা করা।
- রেশনিং এবং অন্যান্য বিতরণ খাতে খাদ্য সামগ্রীর বিতরণ ব্যবস্থা নিশ্চিত করা।
- খাদ্য সামগ্রীর বাজার দর স্থিতিশীল রাখা নিশ্চিত করা।
- গুণগত মানের পর্যাপ্ত পরিমাণ খাদ্যের মজুদ, সংরক্ষণ নিশ্চিত করা।
- খাদ্য বাজেট, হিসাব ও অর্থ, খাদ্য পরিকল্পনা, গবেষণা এবং পরিবীক্ষণ (মনিটরিং) সংক্রান্ত বিষয়সমূহ।
- উৎপাদকগণের উৎপাদিত খাদ্য শস্যের ন্যূনতম সহায়ক মূল্য নিশ্চিত করা।
- এ অধিদপ্তরের উপর অর্পিত যে কোন বিষয়ে তথ্যানুসন্ধান পরিচালনা করা।

### ঘ) অফিসের অর্গানোগ্রাম



### জনবলের বিবরণ

ক্র.নং	পদের নাম	জনবল
০১	ক্লাস-১ (ক্যাডার)	২৩৬
০২	ক্লাস-১ (নন-ক্যাডার)	৬৫৭
০৩	ক্লাস-২	১৭৫৭
০৪.	ক্লাস-৩	৪৭৩০

০৫	ক্লাস-৪	৬২৯৬
মোট জনবল		১৩৬৭৬

### গ) গুরুত্বপূর্ণ সেবার তালিকা

ক্রম	সেবা নাম	সেবা প্রাপ্তির পর্যায় (অধিদপ্তর/আঞ্চলিক)
১	পাবলিক ফুড ডিস্ট্রিবিউশন চ্যানেল (পিএফডিএস) এ খাদ্যশস্য বিতরণ	উপজেলা (সরকারি খাদ্য গুদাম)
২	কৃষক ও চালকল মালিকদের নিকট হতে ধান, চাল ক্রয়	উপজেলা (সরকারি খাদ্য গুদাম)
৩	ওএমএস খাতে চাল, আটা বিক্রি	পৌরসভা/জেলা শহর/বিভাগীয় শহর/ সিটি কর্পোরেশন এলাকা
৪	খাদ্যবান্ধব কর্মসূচিতে ১০ টাকা কেজি দরে চাল বিক্রি	উপজেলা
৫	চালকল মালিক ও খাদ্যশস্য ব্যবসায়ীদের লাইসেন্স প্রদান	জেলা ও উপজেলা
৬	চুক্তিবদ্ধ জুট মিল ও সরবরাহকারী হতে বস্তা ক্রয়	অধিদপ্তর, জেলা ও উপজেলা (সরকারি খাদ্য গুদাম)

### সেবা প্রোফাইল

ক) সেবার নাম: সরকারি খাদ্য গুদামের শ্রম-হস্তার্পণ কাজ পরিচালনা এবং শ্রমিকের ন্যায্য মজুরী পরিশোধ।

খ) সেবাটি সহজিকরণের যৌক্তিকতা:

সরকারি খাদ্যগুদামে (এলএসডি, সিএসডি, সাইলো) খাদ্যশস্য লোড, আনলোডের কাজে শ্রমিক সরবরাহের জন্য শ্রম-হস্তার্পণ ঠিকাদার নিয়োগ করা হয়। নিয়োগপ্রাপ্ত ঠিকাদারগণ খাদ্য বিভাগের নিকট হতে শ্রম বিল উত্তোলন করলেও শ্রমিকদের সঠিকভাবে পারিশ্রমিক পরিশোধ না করায় (বিলের ৮০%) শ্রমিকগণ এলএসডিতে সেবা নিতে আসা পরিবহন ঠিকাদার, ডিও গ্রহীতা, ধান সরবরাহকারী কৃষক, চাল সরবরাহকারী মিলারের নিকট অন্যায়ভাবে অর্থ দাবী করে এবং তা না পেলে সরকারি কাজে গড়িমসি করে, এমনকি সেবা গ্রহীতার সাথে দুর্ব্যবহার করে। এতে খাদ্য বিভাগের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়।

### গ) সেবা প্রাপ্তির মৌলিক তথ্যাদি

	বিষয়	তথ্যাদি
১	সেবা প্রদানকারী অফিস	এলএসডি/সিএসডি, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়।
২	সেবার সংক্ষিপ্ত বিবরণ	সরকারি গুদাম হতে পাবলিক ফুড ডিস্ট্রিবিউশন সিস্টেম চ্যানেল যেমন- ভিজিডি, ভিজিএফ, টিআর, কাবিখা, জিআর, প্রভৃতি খাতে খাদ্যশস্য সরবরাহ করা হয়। কৃষক ও চালকল মালিকদের নিকট হতে ধান-চাল সংগ্রহ করা হয়। স্থানীয় শ্রমিকগণ খাদ্যশস্য লোড-আনলোডের কাজ করেন। এ কাজে প্রয়োজনীয় সংখ্যক শ্রমিক সরবরাহের জন্য শ্রম-হস্তার্পণ ঠিকাদার নিয়োগ করা হয়। খাদ্যশস্য লোড-আনলোড কাজের জন্য শ্রমিক ঠিকাদার মাসিকভিত্তিতে বিল প্রস্তুত করেন এবং গুদাম কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের সুপারিশসহ জেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর হতে বিল উত্তোলন করেন। সরকারি নির্দেশনা অনুযায়ী <b>বিলের ৮০% টাকা</b> শ্রমিকদের পরিশোধ করার বাধ্যবাধকতা থাকলেও ঠিকাদারগণ শ্রমিকদের তা পরিশোধ করেন না। এতে শ্রমিকগণ এলএসডিতে সেবা নিতে আসা পরিবহন ঠিকাদার, ডিওগ্রহীতা, ধান সরবরাহকারী কৃষক ও চাল সরবরাহকারী মিলারের নিকট অন্যায়ভাবে অর্থ আদায় করে।
৩	বার্ষিক সেবা গ্রহণকারীর সংখ্যা	২,০০,০০০- ২,৫০,০০০ জন (চালকল মালিক- ২০,০০০+ কৃষক-২,০০,০০০+ডিওগ্রহীতা- ২০,০০০+ পরিবহন ঠিকাদার-৫,০০০ প্রায়)
৪	সেবা প্রাপ্তির শর্তাবলি	১. খাদ্যশস্য উত্তোলনের জন্য ডিওহোল্ডার ২. খাদ্যশস্য পরিবহনের জন্য নিয়োগপ্রাপ্ত ঠিকাদার ৩. গুদামে ধান-চাল সরবরাহের জন্য কৃষিকার্ডধারী কৃষক ও চুক্তিবদ্ধ রাইস মিলার
৫	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী	এলএসডির ভারপ্রাপ্ত কর্মকর্তা/সিএসডির ম্যানেজার, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রক।
৬	সেবা প্রাপ্তির সময়	তাৎক্ষণিক

৭	সেবা প্রাপ্তিতে প্রয়োজনীয় কাগজপত্র	১. খাদ্যশস্য উত্তোলনের ক্ষেত্রে বিলি আদেশ (ডিও) ২. খাদ্যশস্য পরিবহনের জন্য ঠিকাদার নিয়োগপত্র/ প্রাধিকারপত্র ৩. গুদামে ধান-চাল সরবরাহের জন্য কৃষকের ক্ষেত্রে কৃষিকার্ড ও চুক্তিবদ্ধ রাইস মিলারের ক্ষেত্রে বরাদ্দ আদেশ
৮	সেবা প্রাপ্তির জন্য খরচ	ডিওগ্রহীতার ক্ষেত্রে সরকার নির্ধারিত দর, অন্য সকল সেবাগ্রহীতার জন্য সরকার খরচ বহন করে।
৯	সেবা প্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা	১-২ বার
১০	সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালার তালিকা	১. জেলা খাদ্য নিয়ন্ত্রকের সাথে শ্রমিক ঠিকাদারের চুক্তিপত্র ২. অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ ৩. চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮
১১	সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা, পদবি, ইমেইল ও ফোন	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রক
১২	সেবা প্রাপ্তি/ প্রদানের ক্ষেত্রে অসুবিধা/ সমস্যা / চ্যালেঞ্জসমূহ	মধ্যস্বত্বভোগী হিসেবে শ্রম ও হস্তার্পণ ঠিকাদারের উপস্থিতি, সরকারি বিল গ্রহণ করে শ্রমিকদের সঠিকভাবে অর্থ পরিশোধ না করা, বিনা পরিশ্রমে সরকারি অর্থ প্রাপ্তি ও সিডিকেট তৈরি করে অনৈতিক সুবিধা আদায়, অসামঞ্জস্যপূর্ণ শ্রমিক দর।
১৩	অন্যান্য	

ঘ) বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	সময়/প্রতি ধাপ(দিন/ঘন্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	শ্রম-হস্তার্পণ ঠিকাদার নিয়োগের বিজ্ঞপ্তি প্রস্তুত ও জারি	১৫-১৬ দিন	জেলা খাদ্য নিয়ন্ত্রক
ধাপ-২	দরপত্র বিক্রি	২১-২৮ দিন	হিসাবর রক্ষক
ধাপ-৩	দরপত্র দাখিল	১ দিন	দরপত্র ক্রেতা
ধাপ-৪	দরপত্র যাচাই বাছাই	৫-৬ দিন	জেলা খাদ্য নিয়ন্ত্রক ও দরপত্র মূল্যায়ন কমিটি
ধাপ-৫	HOPE কর্তৃক সর্বনিম্ন দর অনুমোদন	৭-৮ দিন	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ধাপ-৬	খাদ্য বিভাগীয় কর্মকর্তা ও পুলিশ বিভাগ কর্তৃক সর্বনিম্ন দরদাতার ক্রিমিনাল রেকর্ড যাচাই	১০-১২ দিন	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও থানার ওসি
ধাপ-৭	জেলা খাদ্য নিয়ন্ত্রকের সাথে সর্বনিম্ন দরদাতার চুক্তি সম্পাদন	১-২ দিন	জেলা খাদ্য নিয়ন্ত্রক, কৃতকার্য সর্বনিম্ন দরদাতা
ধাপ-৮	ঠিকাদার নিয়োগ আদেশ জারি	১ দিন	জেলা খাদ্য নিয়ন্ত্রক
ধাপ-৯	ঠিকাদার কর্তৃক গুদামে শ্রমিক সরবরাহ	প্রত্যহ	নিয়োগপ্রাপ্ত শ্রমিক ঠিকাদার
ধাপ-১০	শ্রমিক কর্তৃক ডিওগ্রহীতাকে খাদ্যশস্য বিতরণ/ কৃষক-মিলারের নিকট হতে ধান-চাল আনলোড করে গুদামজাতকরণ/ পরিবহন ঠিকাদারের ট্রাকে খাদ্যশস্য লোড করা বা ট্রাক হতে খাদ্যশস্য আনলোড করা	১-২ দিন	গুদাম কর্মকর্তা, গুদামের কর্মচারী ও গুদামে নিয়োজিত শ্রমিকগণ
ধাপ-১১	শ্রমিক ঠিকাদার কর্তৃক দৈনিক/সাপ্তাহিক ভিত্তিতে শ্রমিকদের মজুরী পরিশোধ	১ দিন	শ্রমিক ঠিকাদার
ধাপ-১২	ঠিকাদার কর্তৃক মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে শ্রম বিল তৈরি করে গুদাম কর্মকর্তার নিকট দাখিল করা	৩-৪ দিন	শ্রমিক ঠিকাদার


ধাপ-১৩	গুদাম কর্মকর্তা কর্তৃক সুপারিশসহ বিল উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের নিকট প্রেরণ	২-৩ দিন	গুদাম কর্মকর্তা
ধাপ-১৪	উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের সুপারিশসহ শ্রম বিল জেলা খাদ্য নিয়ন্ত্রকের নিকট প্রেরণ	২-৩ দিন	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ধাপ-১৫	বিলের সঠিকতা যাচাই	১-২ দিন	হিসাবরক্ষক
ধাপ-১৬	সঠিক হলে বিল অনুমোদন	১ দিন	জেলা খাদ্য নিয়ন্ত্রক
ধাপ-১৭	জেলা হিসাবরক্ষণ অফিসে প্রেরণ	১ দিন	হিসাবরক্ষক
ধাপ-১৮	হিসাবরক্ষণ অফিসে বিল যাচাই	১-২ দিন	অডিটর
ধাপ-১৯	ঠিকাদারের নামে চেক ইস্যু	১ দিন	জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা

চ) বিদ্যমান সমস্যা সমাধানে ক্যাটাগরিভিত্তিক প্রস্তাবনা:

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন	-	-
২। দাখিলীয় কাগজপত্রাদি	-	-
৩। সেবার ধাপ	ঠিকাদারের মাধ্যমে বিল পরিশোধের কারণে অনাকাঙ্ক্ষিত সময় নষ্ট হয়	ঠিকাদার নিয়োগ প্রথা বাতিল করে সরাসরি শ্রমিকদের মজুরী পরিশোধ করা
৪। সম্পূর্ণ জনবল	-	-
৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পূর্ণ ব্যক্তির সংখ্যা ও পদবি	০৩ জন গুদাম কর্মকর্তা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রক	০৩ জন গুদাম কর্মকর্তা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রক
৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা	-	-
৭। আইন/বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি	শ্রমিক ঠিকাদারের মাধ্যমে শ্রমিক মজুরী পরিশোধের বিষয়ে সরকারি নির্দেশনা	সরাসরি শ্রমিকদের মজুরী পরিশোধ
৮। অবকাঠামো/ হার্ডওয়ার ইত্যাদি	-	-
৯। রেকর্ড/তথ্য সংরক্ষণ	-	-
১০। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কি না	না	না
১১। খরচ (নাগরিক+অফিস)	১৫০-২০০ টাকা	১৫০-২০০ টাকা
১২। সময় (নাগরিক+অফিস)	-	-
১৩। যাতায়াত (নাগরিক)	১-২ দিন	১-২ দিন
১৪। অন্যান্য		

### ঙ) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map)

ধাপ সংখ্যা: ১৯ টি  
সম্পৃক্ত জনবল: ১৩ জন  
সময়: ৭৬-৯৫ দিন





ছ) তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	শ্রম-হস্তার্গণ ঠিকাদার নিয়োগের বিজ্ঞপ্তি প্রস্তুত ও জারি		প্রয়োজন নেই
ধাপ-২	দরপত্র বিক্রি		প্রয়োজন নেই
ধাপ-৩	দরপত্র দাখিল		প্রয়োজন নেই
ধাপ-৪	দরপত্র যাচাই বাছাই	ধাপ-১	সরকারি খাদ্য গুদামের লোড-আনলোড কাজের ন্যায্য দর নির্ধারণ
ধাপ-৫	HOPE কর্তৃক সর্বনিম্ন দর অনুমোদন	ধাপ-২	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক দর অনুমোদন
ধাপ-৬	খাদ্য বিভাগীয় কর্মকর্তা ও পুলিশ বিভাগ কর্তৃক সর্বনিম্ন দরদাতার ক্রিমিনাল রেকর্ড যাচাই		প্রয়োজন নেই
ধাপ-৭	জেলা খাদ্য নিয়ন্ত্রকের সাথে সর্বনিম্ন দরদাতার চুক্তি সম্পাদন	ধাপ-৩	গুদামে কর্মরত ও আগ্রহী নতুন শ্রমিকদের নিবন্ধন করা
ধাপ-৮	ঠিকাদার নিয়োগ আদেশ জারি	ধাপ-৪	শ্রমিকদের পরিচয় পত্র ইস্যু করা
ধাপ-৯	ঠিকাদার কর্তৃক গুদামে শ্রমিক সরবরাহ		প্রয়োজন নেই
ধাপ-১০	শ্রমিক কর্তৃক ডিওগ্রহীতাকে খাদ্যশস্য বিতরণ/ কৃষক-মিলারের নিকট হতে ধান-চাল আনলোড করে গুদামজাতকরণ/ পরিবহন ঠিকাদারের ট্রাকে খাদ্যশস্য লোড করা বা ট্রাক হতে খাদ্যশস্য আনলোড করা	ধাপ-৫	শ্রমিকদের দিয়ে গুদামে খাদ্যশস্য লোড-আনলোডের কাজ করানো
ধাপ-১১	শ্রমিক ঠিকাদার কর্তৃক দৈনিক/সাপ্তাহিক ভিত্তিতে শ্রমিকদের মজুরী পরিশোধ	ধাপ-৬	গুদাম কর্মকর্তা কর্তৃক পাক্ষিক ভিত্তিতে শ্রমিক মজুরী পরিশোধ
ধাপ-১২	ঠিকাদার কর্তৃক মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে শ্রম বিল তৈরি করে গুদাম কর্মকর্তার নিকট দাখিল করা	ধাপ-৭	গুদাম কর্মকর্তা কর্তৃক পাক্ষিক ভিত্তিতে শ্রম বিল প্রস্তুত করা
ধাপ-১৩	গুদাম কর্মকর্তা কর্তৃক সুপারিশসহ বিল উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের নিকট প্রেরণ	ধাপ-৮	গুদাম কর্মকর্তা কর্তৃক বিল উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের নিকট প্রেরণ
ধাপ-১৪	উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের সুপারিশসহ শ্রম বিল জেলা খাদ্য নিয়ন্ত্রকের নিকট প্রেরণ		
ধাপ-১৫	বিলের সঠিকতা যাচাই	ধাপ-৯	বিলের সঠিকতা যাচাই
ধাপ-১৬	সঠিক হলে বিল অনুমোদন	ধাপ-১০	সঠিক হলে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক বিল অনুমোদন
ধাপ-১৭	জেলা হিসাবরক্ষণ অফিসে প্রেরণ	ধাপ-১১	শ্রমিক বিল উপজেলা হিসাব রক্ষণ অফিসে প্রেরণ
ধাপ-১৮	হিসাবরক্ষণ অফিসে বিল প্রসেসিং	ধাপ-১২	হিসাবরক্ষণ অফিসে বিল প্রসেসিং
ধাপ-১৯	ঠিকাদারের নামে চেক ইস্যু	ধাপ-১৩	গুদাম কর্মকর্তার নামে চেক ইস্যু ও শ্রমিকদের নগদ/বিকাশ/রকেট/ব্যাংক হিসাবে মজুরী পরিশোধ


জ) প্রস্তাবিত প্রসেস ম্যাপ

সেবার নাম: সরকারি খাদ্য গুদামের শ্রম-হস্তার্পণ কাজ পরিচালনা এবং শ্রমিকের ন্যায্য মজুরী পরিশোধ

ধাপ সংখ্যা: ১৩ টি

সম্পৃক্ত জনবল: ০৭ জন

সময়: ৩২-৪৩ দিন



৩। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘন্টা)	৭৬-৯৫ দিন	৩২-৪৩ দিন
খরচ (নাগরিক ও অফিসের)	১-২ দিন	১-২ দিন
যাতায়াত	১-২ বার	১-২ বার
ধাপ	১৯ টি	১৩ টি
জনবল	১৩ জন	০৭ জন
দাখিলীয় কাগজপত্র	-	-

বাস্তবায়ন

ক) বাস্তবায়নের অভিজ্ঞতার আনুপূর্বিক বিবরণ

খ) বাস্তবায়নের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা

মাইলস্টোন (অর্জন)	একটিভিটি	কে করবে?	মাস (মে/২১-অক্টোবর/২১)					
			মে	জুন	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর
প্রাথমিক প্রস্তুতি	অফিস প্রধান/উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা, অবহিতকরণ ও লিখিত অনুমতি গ্রহণ	টিম লিডার						
	টিম গঠন	টিম লিডার						
ন্যায় শ্রমিক মজুরী	এলএসডি ভিত্তিক ন্যায় শ্রমিক মজুরী নির্ধারণ	টিম লিডার						
	খাদ্য অধিদপ্তর কর্তৃক দর অনুমোদন	মহাপরিচালক						
শ্রমিক নিবন্ধন	লেবার সর্দারের সহযোগিতায় শ্রমিকের তালিকা তৈরি	টিম লিডার+সদস্য						
	শ্রমিকের পরিচয় যাচাই করে নিবন্ধন সম্পন্নকরণ	টিম লিডার+সদস্য						
	শ্রমিকদের জন্য আইডি কার্ড ইস্যু করা	টিম লিডার						
নতুন পদ্ধতিতে সেবা প্রদান শুরু (পাইলট শুরু)	আনুষ্ঠানিকভাবে নতুন পদ্ধতিতে সেবা প্রদান শুরু করার জন্য তারিখ ও অতিথি নির্ধারণ করা	টিম লিডার						
	লিফলেট ও পোস্টার বিলি করা	টিম						

		লিডার+সদস্য						
	স্থানীয় ডিজিটাল নেটওয়ার্কের ব্যবহার করে প্রচারণা	টিম লিডার+সদস্য						
	নতুন পদ্ধতিতে সেবা প্রদান শুরু করা	টিম লিডার+সদস্য						
মনিটরিং	মনিটরিং টিম গঠন ও টিমের টিওআর নির্ধারণ	টিম লিডার						
	মনিটরিং প্রতিবেদন তৈরির জন্য ফরম্যাট/গাইডলাইন তৈরি	টিম লিডার+সদস্য						
মূল্যায়ন	মূল্যায়নের জন্য কমিটি গঠন	টিম লিডার						
	মূল্যায়নের জন্য সূচক/ পরিমাপক (মূল্যায়নের ফ্রেমওয়ার্ক) নির্ধারণ	টিম লিডার+সদস্য						
	মূল্যায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত ও বিতরণ	টিম লিডার+সদস্য						
	শুরু হতে শেষ পর্যন্ত সকল কার্যক্রম নিয়ে প্রজেক্ট ডকুমেন্ট তৈরি	টিম লিডার+সদস্য						
	ডকুমেন্ট প্রকাশনা	টিম লিডার						

**রিসোর্স ম্যাপ:**

খাতভিত্তিক প্রয়োজনীয় সম্পদ	বিবরণ (নাম ও পরিমাণ)	প্রয়োজনীয় অর্থ	কোথা হতে পাওয়া যাবে/ অর্থের উৎস
জনবল	১০ জন	বিদ্যমান জনবল	খাদ্য অধিদপ্তর
কারিগরি যন্ত্রপাতি (আর্দ্রতামাপক যন্ত্র, অ্যাপস)	-	-	-
অন্যান্য (পরিদর্শন, মূল্যায়ন, সভা, প্রিন্টিং ইত্যাদি)	১. আইডি কার্ড তৈরি ২. সভা ৩. প্রচারণা ৪. মূল্যায়ন	৫,০০০ + ৫,০০০ + ১০,০০০ + ১০,০০০ = ৩০,০০০/-	খাদ্য অধিদপ্তর
প্রয়োজনীয় মোট অর্থ		৩০,০০০/-	খাদ্য অধিদপ্তর

## ২। Digitization of Analog Truck Scale

ট্রাক স্কেলের ওজন নির্ণয় সহজীকরন ইনোভেশন আইডিয়ায় ছবিসহ ডকুমেন্টেশন।

সেবা গ্রহণকারী কারা?

খাদ্য অধিদপ্তরের বিভিন্ন স্থাপনা এবং ঠিকাদার।

চিহ্নিত সেবা প্রদান করা/ প্রাপ্তির ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সমস্যার মূল কারণ:

বিদ্যমান সমস্যা	সমস্যার মূল কারণ	সমস্যার কারণে সেবা গ্রহিতাদের ভোগান্তি/ সমস্যার কারণে সৃষ্ট ফলাফল
এনালগ ট্রাক স্কেলে একটি ট্রাক ওজন করতে ১০-১৫ মিনিট সময় প্রয়োজন।	কাঁচালালীর ধীরগতির	কালক্ষেপন
কোন যন্ত্রাংশ ক্ষতিগ্রস্ত হলে পুনরায় স্থাপন করা সময় সাপেক্ষ এবং ব্যয়বহুল।	স্কেলে গাঠনিক কাঠামো	কাজে বিঘ্ন ও ব্যয় বৃদ্ধি
এতে তুলনামূলক বেশি যান্ত্রিক ত্রুটি বিদ্যমান	যান্ত্রিক পদ্ধতিতে ওজন নিয়ন্ত্রণ ও এ পদ্ধতি অপেক্ষাকৃত পুরাতন	ওজনের সঠিকতা তারতম্য
<b>সমস্যা ও তার কারণ সম্পর্কে বিবৃতি: (Where, who, how much, what and why?)</b> এনালগ ট্রাকস্কেলে ওজন নিয়ন্ত্রণ একটি পুরাতন পদ্ধতি। এতে যান্ত্রিক ত্রুটি থাকার দরুন ওজনের সঠিকতা বজায় থাকে না। ফলে ব্যবহারকারী ওজন পরিমাপে সমস্যার সম্মুখীন হয়।		

সমস্যার ভুক্তভোগী কারা?

সুবিধাভোগীরখণ্ড	পাইলটিংএলাকা	সুবিধাভোগীরসংখ্যা			
		বছর (২০২০)	বছর (২০২১)	বছর (২০২২)	বছর (২০২৩)
ঠিকাদার ও খাদ্য অধিদপ্তরের	বাঘাবাড়ি এল.এস.ডি উপজেলাঃ শাহজাদপুর, জেলাঃ সিরাজগঞ্জ	শতভাগ	শতভাগ	শতভাগ	শতভাগ

সমাধান প্রক্রিয়া

আইডিয়ায় বিবরণ:

এনালগ ট্রাকস্কেলে ওজন নিয়ন্ত্রণ একটি পুরাতন পদ্ধতি। এতে যান্ত্রিক ত্রুটি থাকার দরুন ওজনের সঠিকতা বজায় থাকে না। ফলে ব্যবহারকারী ওজন পরিমাপে সমস্যার সম্মুখীন হয়। একটি এনালগ ট্রাকস্কেলকে ডিজিটাল ট্রাকস্কেলে রূপান্তরিত করতে ০২ টি ধাপে কাজ করা হয়। প্রথমেই এনালগ স্কেলের প্লাটফর্মের প্রয়োজনীয় যান্ত্রিক সংস্কার করা হয়। দ্বিতীয় ধাপে Load Cell Platform Scale Mechanical Work, Load Cell, Indicator, Junction Box, Junction Board, Output Cable Regular Scale Software & Computer এ সংযোগ এর মাধ্যমে ডিজিটাল স্কেলে রূপান্তর সম্পন্ন করা হয়।

যান্ত্রিক কাজের ধাপগুলো নিম্নরূপঃ

প্রথম ধাপঃ

১) এইচ বিন, এইচ লোড কলাম অপসারণ করা হয় (গ্রাইন্ডিং মেশিন দ্বারা)।

২) প্ল্যাটফর্মটিকে (১৯" উচ্চতার ৩৪ ফুট দৈর্ঘ্য ও ১০ ফুট প্রস্থের প্রায় ২০ টন ওজনের) ঠিকা/সাপোট দিয়ে ভাসিয়ে রাখা হয় (ইটের টুকরা ও কাঠের টুকরা দ্বারা)।

৩) ২ ফুট গভীরে ড্রিল করে ১৬ মি: লি: রড ঢুকিয়ে পাথর দিয়ে ঢালাই দিয়ে ১৪"X ১৪"X ১৮" (দৈর্ঘ্য X প্রস্থ X উচ্চতা) ৪ কোনায় ৪ টি কলাম তৈরি করা হয়।

৪। ৪ টি লোড সেল ব্যবহার করে প্ল্যাটফর্মটিকে লোড সেলের উপরে বসানো হয়।

**\*Life time weighing software** ব্যবহার করে লোড সেল সমূহ জাংশন বক্সে **Synchronise** করা হয়।

**\* ইন্ডিকেটর ও কম্পিউটারের মাধ্যমে ডিজিটাল weighing Value visible** করা হয় এবং প্রিন্টার দ্বারা **LUA** এবং প্রাপ্তি ওজন প্রিন্ট করা হয়।

#### উদ্যোগটির মধ্যে নতুন কি?

১) দ্রুত ওজন করা যায়। কাজের গতি বেড়ে যাবে।

২) **Print** বের করা যায়।

৩) **Data** সংরক্ষণ করা যায়। পরবর্তীতে কোন ধরণের পরিস্থিতি পূর্বের তথ্য পাওয়া সম্ভব।

৪) কাজের স্বচ্ছতা বৃদ্ধি

#### ঘ. উদ্যোগটি বাস্তবায়ন করার জন্য নতুন কী কী হার্ডওয়্যার/ সরঞ্জামাদি/অবকাঠামো লাগবে?

১. লোড সেল- ২. ওয়েট ইন্ডিকেটর-৩. জাংশন বোর্ড-৪. জাংশন বক্স- ৫. ইন্ডিকেটর অ্যাডাপ্টর-৬. কানেকশন জ্যাক-৭. এসি কড- ৮. এম এস লোড সেল প্লেট (2'x2') -৯. লোড সেল ক্যাবল-১০. লোড সেল হাই অ্যাডজাস্টমেন্টবলু -১১. ইন্ডিকেটর সুইচ- ১২. লেসার প্রিন্টার-১৩. আইপি এস -১৪. কম্পিউটার , ১৫. **Weighing Software**.

#### ঙ. উদ্যোগটি বাস্তবায়ন করার জন্য নতুন কী কী ব্যাকগ্রাউন্ড ওয়ার্ক করতে হবে? (সফটওয়্যার তৈরি, ডাটাবেজ তৈরি, এসএমএস বাউন্ড ক্রয় ইত্যাদি)

১. হার্ডওয়্যার সংগ্রহ।

২. কমকতার তত্তাবধানে ডিজিটাল স্কেল মেরামতকারী প্রতিষ্ঠানের মাধ্যমে কাজ করানো।

৩. বুপান্তরিত ডিজিটাল ট্রাক স্কেল পরিচালনাকারী কর্মচারীগণদের প্রশিক্ষণ।

#### প্রত্যাশিত ফলাফল (TCV++):

	সময়	মন্তব্য
আইডিয়া বাস্তবায়নের আগে	১০-১৫ মিনিট প্রতি ট্রাক	ওজনের সঠিকতা এবং কাজের গতি বৃদ্ধি
আইডিয়া বাস্তবায়নের পরে	৩-৫ মিনিট প্রতি ট্রাক	
আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহিতার প্রত্যাশিত বেনিফিট	৭-১৫ মিনিট	

#### উদ্যোগটির বাস্তবায়নকারী টিম:

##### ইন্টারনাল/অন্তঃস্থ সদস্য:

টিম লিডার	সদস্য-১	সদস্য-২	সদস্য-৩
মোহাম্মদ ফয়জুল্লাহ্ খান শিবলী সাইলো অধীক্ষক সান্তাহার সাইলো, বগুড়া।	মোঃ মেহেদী হাসান মেনন সহকারী রক্ষণ প্রকৌশলী সান্তাহার সাইলো, বগুড়া।	মোসাঃ ফাতেমাতুজ জোহরা সুপারভাইজার সান্তাহার সাইলো, বগুড়া।	হারুন-অর-রশিদ অপারেটর সান্তাহার সাইলো, বগুড়া।

এক্সটারনাল/বহিঃস্থ সদস্য: নেই।

রিসোর্স ম্যাপ:

খাতভিত্তিক প্রয়োজনীয় সম্পদ	বিবরণ (নাম ও পরিমান)					প্রয়োজনীয় অর্থ	কোথা হতে পাওয়া যাবে/ অর্থের উৎস
জনবল	৪ জন					বিদ্যমান জনবল	খাদ্য অধিদপ্তর
কারিগরি যন্ত্রপাতি (সফটওয়্যার ও কম্পিউটার)	S.L	Description	Quantity	Unit Price	Price	৪,৪০,০০০/- (চার লক্ষ চল্লিশ হাজার টাকা মাত্র)	খাদ্য অধিদপ্তর
	1	Platform Scale Mechanical Work	1	130000	130000		
	2	Load Cell	4	48000	192000		
	3	Indicator	1	43000	43000		
	4	Junction Box	1	8500	8500		
	5	Junction Board	1	10000	10000		
	6	Output Cable	10	250	2500		
	7	Regular Scale Software and Computer	1	54000	54000		
Total Price=					4,40,000/-		
প্রয়োজনীয় মোট অর্থ						৪,৪০,০০০/- (চার লক্ষ চল্লিশ হাজার টাকা মাত্র)	খাদ্য অধিদপ্তর

আইডিয়া পাইলট করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম (Gantt chart):

মাইলস্টোন (অর্জন)	একটিভিটি	কে করবে?	মাস (ফেব্রুয়ারি/২১ - মে/২১)			
			ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল	মে
প্রাথমিক প্রস্তুতি	অফিস প্রধান/উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা, অবহিতকরণ ও মৌখিক অনুমতি গ্রহণ	টিম লিডার				
	টিম গঠন	টিম লিডার				
বাজেট তৈরি ও তহবিল সংগ্রহ	পাইলট করার জন্য বাজেট তৈরি	টিম লিডার				
	সম্পদের সম্ভাব্য উৎসসমূহ সুনির্দিষ্টকরণ	টিম লিডার				
	অর্থ সংগ্রহ	টিম লিডার				
উপকরণ ক্রয়	উপকরণের তালিকা তৈরি	টিম লিডার+সদস্য				
	ক্রয় সভা	টিম লিডার+সদস্য				
	কার্যাদেশ দেওয়া	টিম লিডার				
	মালামাল সরবরাহ ও গ্রহণ করা	সরবরাহকারী+ টিম লিডার				
মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল কাজ	প্লাটফর্মস্কেলের প্রয়োজনীয় যান্ত্রিক কাজ Load Cell, Indication Junction Box, Junction Board, Computer, Weiging Software & Printer এর সংযোগ স্থাপন।	নির্ধারিত ডিজিটাল স্কেল মেরামত কারী প্রতিষ্ঠান				
নতুন পদ্ধতিতে সেবা প্রদান	আনুষ্ঠানিকভাবে নতুন পদ্ধতিতে সেবা প্রদান শুরু করার জন্য তারিখ ও অতিথি নির্ধারণ করা	টিম লিডার				

শুরু	নতুন পদ্ধতিতে সেবা প্রদান শুরু করা	টিম লিডার+সদস্য				
মনিটরিং	মনিটরিং টিম গঠন ও টিমের টিওআর নির্ধারণ	টিম লিডার				
	মনিটরিং প্রতিবেদন তৈরির জন্য ফরম্যাট/গাইডলাইন তৈরি	টিম লিডার+সদস্য				
মূল্যায়ন	মূল্যায়নের জন্য কমিটি গঠন	টিম লিডার				
	মূল্যায়নের জন্য সূচক/ পরিমাপক (মূল্যায়নের ফ্রেমওয়ার্ক) নির্ধারণ	টিম লিডার+সদস্য				
	মূল্যায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত ও বিতরণ	টিম লিডার+সদস্য				
	শুরু হতে শেষ পর্যন্ত সকল কার্যক্রম নিয়ে প্রজেক্ট ডকুমেন্ট তৈরি	টিম লিডার+সদস্য				
	ডকুমেন্ট প্রকাশনা	টিম লিডার				

### প্রয়োজনীয় অর্থের চাহিদা প্রেরণের পত্র, ১২ জানুয়ারি/২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সাইলো অধীক্ষকের কার্যালয়  
সাপ্তাহার সাইলো  
খাদ্য অধিদপ্তর, বগুড়া।  
www.dgfood.gov.bd

নং-১৩.০১.০০০০.৩০১.৫৫.০০৫.১৯.৫২

তারিখঃ ১২/০১/২০২১ খ্রিঃ

প্রাপকঃ পরিচালক(প্রশাসন),  
খাদ্য অধিদপ্তর,  
১৬, আব্দুল গনি রোড, ঢাকা।  
(দৃষ্টি আকর্ষণঃ সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট)

বিষয়ঃ সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার বাঘাবাড়ি এল.এস.ভির এন্যালগ ট্রাকস্কেলকে ডিজিটাল ট্রাকস্কেলে রূপান্তরের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ।

সূত্রঃ ১২/০১/২০২১ তারিখে অনুষ্ঠিত জুম মিটিং-এর নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে জানাচ্ছি যে, Innovation Idea “Digitization of Analog Truck Scale-ট্রাকস্কেলের ওজন নির্ণয় সহজীকরণ” এর আওতায় পাইলটিং এলাকা হিসেবে সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার বাঘাবাড়ি এল.এস.ভির এন্যালগ ট্রাকস্কেলটি নির্ধারণ করা হয়েছে। উক্ত এন্যালগ ট্রাকস্কেলকে ডিজিটাল ট্রাকস্কেলে রূপান্তরের জন্য নিম্নোক্ত যন্ত্রাংশ ও কার্যসম্পাদনের জন্য মোট ৪,৪০,০০০/- (চার লক্ষ চল্লিশ হাজার) টাকার প্রয়োজন।

S.L	Description	Quantity	Unit Price	Price
1	Platform Scale Mechanical Work	1	130000	1,30,000/-
2	Load Cell	4	48000	1,92,000/-
3	Indicator	1	43000	43,000/-
4	Junction Box	1	8500	8,500/-
5	Junction Box	1	10000	10,000/-
6	Output Cable	10	250	2,500/-
7	Regular Scale Software and Computer	1	54000	54,000/-
Total Price=				4,40,000/-

এমতাবস্থায়, Innovation Idea টির পাইলটিং বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ৪,৪০,০০০/- (চার লক্ষ চল্লিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করছি এবং “Digitization of Analog Truck Scale-এর কর্মপরিকল্পনা এতদসঙ্গে প্রেরণ করছি।

সংযুক্তঃ ০৫ (পাঁচ) পাতা।

১৭/০১/২০২১  
(মোহাম্মদ ফয়জুল্লাহ খান শিবলী)  
সাইলো অধীক্ষক  
silostu@dgfood.gov.bd  
ফোন নং- ০৭৪১-৬৯৪৮৩



মহাপরিচালক মহোদয় কর্তৃক অর্থের মঞ্জুরী প্রদান। ৯ ফেব্রুয়ারি/২০২১



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট

খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



জরুরি

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.৪৩

তারিখ: ২৬ মাঘ ১৪২৭

০৯ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার বাঘাবাড়ি এলএসডির এনালগ ট্রাক স্কেলকে ডিজিটাল ট্রাক স্কেলে রূপান্তর জন্য ইনোভেশন আইডিয়া পাইলট আকারে বাস্তবায়নের জন্য প্রশাসনিক অনুমোদন এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দের মঞ্জুরী প্রদান।

সূত্র: সাইলো অধিক্ষকের কার্যালয় সান্তাহার সাইলো, বগুড়া এর স্মারক নংঃ ১৩.০১.০০০০.৩০১.৫৫.০০৫.১৯.৫২  
তারিখঃ ১২/০১/২০২১

উপর্যুক্ত বিষয় ও স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরাধীন সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার বাঘাবাড়ি এল এস ডির এনালগ ট্রাক স্কেলকে ডিজিটাল ট্রাক স্কেলে রূপান্তর জন্য একটি ইনোভেশন আইডিয়া পাইলট আকারে বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত ইনোভেশন আইডিয়া পাইলটিংয়ের বিষয়ে সাইলো অধিক্ষক, সান্তাহার সাইলো, বগুড়া প্রশাসনিক অনুমোদন ও ব্যয় নির্বাহের জন্য ৪,৪০,০০০/- (চার লক্ষ চল্লিশ হাজার) টাকা অর্থ বরাদ্দ দানের জন্য আবেদন করেছেন।

সহজিকরণ/উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের জন্য অর্থের চাহিদার খাতভিত্তিক বিবরণ:

S.L	Description	Quantity	Unit Price	Price
1	Plat Form Scale Mechanical Work	1	1,30,000	1,30,000
2	Load Cell	4	48,000	1,92,000
3	Indicator	1	43,000	43,000
4	Junction Box	1	8,500	8,500
5	Junction Box Board	1	10,000	10,000
6	Output Cable	10 mt	250	2,500
7	Regular Scale Software and Computer	1	54,000	54,000
			Total Price	4,40,000

বর্ণিত উদ্যোগটি পাইলোটিং এর জন্য সাইলো অধিক্ষক সান্তাহার সাইলো, বগুড়াকে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো এবং একই সাথে পাইলটিংয়ের নিম্নবর্ণিত ব্যয় নির্বাহের জন্য ৪,৪০,০০০/- (চার লক্ষ চল্লিশ হাজার) টাকা, ২০২০-২০২১ অর্থ-বছরের প্রাতিষ্ঠানিক ও অর্থনৈতিক কোড নং- ১৪৮০২০১১৩০২২০-৩২৫৭১০৫ উদ্ভাবন ব্যয় খাতে নিম্নবর্ণিত কার্যালয়ের অনুকূলে এবং নামের পাশে উল্লিখিত পরিমাণ টাকা'র আর্থিক মঞ্জুরী মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক জ্ঞাপন করা হয়:

পরিচালক, হিসাব ও অর্থ কর্তৃক বরাদ্দপত্র। ১৬ ফেব্রুয়ারি/২০২১



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.৬২১.১৮.১৫৯

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৭

১৬ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: কোড নং-১৪৮০২০১-১৩০২২০-৩২৫৭১০৫-উদ্ভাবন ব্যয় খাতে অর্থ বরাদ্দ

সূত্র: কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকার স্মারক নং-৪৩, তারিখ-০৯/০২/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন সাধারণ কার্যক্রমের অন্তর্ভুক্ত প্রাতিষ্ঠানিক ও পরিচালন কোড নং-১৪৮০২০১-১৩০২২০ এর অর্থ অর্থনৈতিক কোড নং-৩২৫৭১০৫-উদ্ভাবন ব্যয় খাতে নিম্নবর্ণিত অর্থ ২০২০-২০২১ অর্থ বছরের জন্য আপনার অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো।

কোড নং	খাতের নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
৩২৫৭১০৫	উদ্ভাবন ব্যয়	৪,৪০,০০০/- (চার লাখ চল্লিশ হাজার) টাকা মাত্র।
মোট=		৪,৪০,০০০/- (চার লাখ চল্লিশ হাজার) টাকা মাত্র।

উল্লেখ্য যে, বরাদ্দকৃত অর্থ ব্যয়ের বিস্তারিত তথ্যাদি অত্র দপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। একইসাথে বরাদ্দকৃত অর্থ সরকারি প্রচলিত বিমি-বিধান পালন সাপেক্ষে ব্যয় নির্বাহ করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

  
১৬-২-২০২১

মোঃ শেখ আসাদুজ্জামান  
সহকারী উপ-পরিচালক

সাইলো অধীক্ষক  
সান্তাহার সাইলো, বগুড়া

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.৬২১.১৮.১৫৯/১(৪)

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৭

১৬ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বরাদ্দপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
- ২) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ট্রান মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
- ৩) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, আদমদীঘি, বগুড়া।
- ৪) অফিস কপি।



চিত্র কনভার্সন কার্যক্রমের প্রাথমিক অবস্থা



চিত্র ভূতপূর্ব এনালগ ট্রাকস্কেলের মেকানিক্যাল ডায়াল গেজ।



চিত্র ভূতপূর্ব এনালগ স্কেলের নাইফেস



চিত্র এনালগ স্কেলের যান্ত্রিক কাঠামো অপসারণ



চিত্র লোডসেল স্থাপন



চিত্র ডিজিটাল ট্রাকস্কেলের কম্পিউটার ও প্রিন্টার, কর্ম সম্পাদন শেষে ডিজিটাল ট্রাকস্কেল

## ১২. Details of the Owner:

নাম	পদবী	কর্মস্থল	মোবাইল নম্বর	ই-মেইল	আইডিয়া পাইলটিং এলাকা
মোহাম্মদ ফয়জুল্লাহ খান শিবলী	সাইলো অধীক্ষক	সান্তাহার সাইলো, বগুড়া।	01552306405	sbl4004@yahoo.com	বাঘাবাড়ি এল.এস.ডি উপজেলাঃ শাহজাদপুর, জেলাঃ সিরাজগঞ্জ

## ১৩. মেন্টরের তথ্য:

নাম	পদবী	অফিস	মোবাইল	ই-মেইল
এফ এম মিজানুর রহমান	পরিচালক, পটকা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা	১৬, আব্দুল গণি রোড, ঢাকা	০১৭১২৭৫৩৪১১	didts@dgfood.gov.bd


## আইডিয়া রেন্সিকেশন:

### ০১। রেন্সিকেশন সহজিকরণ উদ্যোগের শিরোনাম: খাদ্যশস্য সংগ্রহের বস্তায় স্পষ্ট ডিজিটাল স্টেনসিল প্রদান।

#### ০১। সেবাটি বর্তমানে কিভাবে দেয়া হয়:

বোরো বা আমন সংগ্রহ মৌসুমের শুরুতে সংগ্রহ কার্যক্রমে ব্যবহার্য পরিমাণ খালি বস্তায় এলএসডির ভারপ্রাপ্ত কর্মকর্তা গুদামে নিয়োজিত শ্রমিকদের দিয়ে ‘সংগ্রহ মৌসুম ও এলএসডির নাম’ সম্বলিত স্টেনসিল ছাপ প্রদান করেন। এলএসডির নাম সম্বলিত নির্দিষ্ট সংখ্যক খালি বস্তা চুক্তিবদ্ধ মিল মালিক তার মিলে নিয়ে যান এবং মিলের নাম, ঠিকানা সম্বলিত স্টেনসিল ছাপ প্রদান করে বস্তাভর্তি চাল এলএসডিতে সরবরাহ করেন।

#### বিদ্যমান প্রসেস ম্যাপ:



#### ০২। বিদ্যমান পরিস্থিতিতে সমস্যাসমূহ:

ক. টিনের মধ্যে অক্ষর লিখে স্টেনসিল বানানো হয় বিধায় বস্তায় প্রদত্ত স্টেনসিল স্পষ্ট হয়না।

খ. স্টেনসিলের রং লেপ্টে যায়/ দীর্ঘস্থায়ী হয়না।


গ. প্রায়শঃ বস্তার স্টেনসিল দেখে চাল সরবরাহকারী মিলার, এলএসডির নাম ও সংগ্রহ মৌসুম সনাক্ত করা যায় না।

ঘ. এলএসডির ভারপ্রাপ্ত কর্মকর্তা ও মিলারকে একই বস্তায় আলাদাভাবে স্টেনসিল প্রদান করতে হয় অর্থাৎ একই প্রকৃতির কাজ দুইবার করা হয়, ফলে সময় বেশি লাগে।

### ০৩। সমস্যা সমাধানে আইডিয়ার বিবরণ:

কাঠের ফ্রেমে কম্পিউটারে তৈরি স্ক্রিন প্রিন্ট পেপারে মিলের নাম, ঠিকানা, সংগ্রহ মৌসুম, এলএসডি'র নাম, জেলা, উৎপাদনের সময় লিখে ডিজিটাল স্টেনসিল তৈরি করা হয়। স্ক্রিন প্রিন্টের ভিতরের বর্ডারের পরিমাপ: ১৬ ইঞ্চি x ১৪ ইঞ্চি। মূল অক্ষর ও সংখ্যার আকার ১.২৫ ইঞ্চি - ১.৫ ইঞ্চি। পানির মধ্যে সবুজ পাউডার রং ও লিকুইড সাদা গাম মিশিয়ে রংয়ের মিশ্রণ তৈরি করা হয়। একটি টেবিলে খালিবস্তা রেখে তার উপর (খাদ্য অধিদপ্তরের লোগো সম্বলিত বস্তার অপরিপাঠ) স্ক্রিন প্রিন্টের ডিজিটাল স্টেনসিল ফ্রেমটি রাখা হয়। স্ক্রিন প্রিন্টের উপর প্রস্তুতকৃত রংয়ের মিশ্রণ ঢেলে রাবার লাগানো কাঠের হ্যান্ডেল দ্বারা ঘষা দিয়ে স্টেনসিল ছাপ প্রদান করা হয়। স্টেনসিল দ্রুত শুকিয়ে যায় এবং স্পষ্ট হয়। মিলার নিজ খরচে তার মিলের জন্য ডিজিটাল স্টেনসিল তৈরি করেন এবং নিজের মিলে এলএসডি হতে সরবরাহকৃত সরকারি বস্তায় মিল ও এলএসডি'র ডিজিটাল স্টেনসিল ছাপ (স্ক্রিন প্রিন্ট) প্রদান করেন।

#### নতুন প্রসেস ম্যাপ:



### ০৪। পাইলটিং এলাকা ও সময়:

ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার সকল মিল এবং আশুগঞ্জ উপজেলাধীন ১১টি অটোমেটিক রাইস মিল।

সময়: আমন/১৯-২০ সংগ্রহ মৌসুম।

০৫। ফলাফল (TCV++):

	সময়	খরচ	যাভায়াত
আইডিয়া বাস্তবায়নের আগে	৫-৬ ঘন্টা (এলএসডিতে ও মিলে প্রায় ১০০০ পিস বস্তায় স্টেনসিল প্রদান)।	৫০০-৬০০ টাকা	১-২ বার
আইডিয়া বাস্তবায়নের পরে	২-৩ ঘন্টা	৫০০-৬০০ টাকা	১-২ বার
আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহিতার প্রত্যাশিত বেনিফিট	২-৩ ঘন্টা	একই	একই
অন্যান্য (TCV কমেনি, কিন্তু গুণগত মান বৃদ্ধি কিংবা অন্যান্য সুবিধা বেড়েছে অর্থাৎ অনেক উদ্যোগ এর সুফল টিসিভি দিয়ে বুঝানো যাবে না অথবা টিসিভিতে পরিবর্তন ছাড়াও অন্যান্য দৃশ্যমান সুবিধা থাকতে পারে। এসব কিছু বিবরণ এখানে লিখতে হবে)	১) চাল সংগ্রহের বস্তায় স্পষ্ট ডিজিটাল স্টেনসিল থাকে। ২) স্টেনসিলের রং দীর্ঘস্থায়ী হয়। ৩) বস্তার স্টেনসিল দেখে সহজেই চাল সরবরাহকারী মিলার, এলএসডির নাম, সংগ্রহ মৌসুম, উৎপাদনের সময় সনাক্ত করা যায়। ৪) সরকারি খাদ্যশস্য সংগ্রহ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা (Good Governance) বৃদ্ধি পায়।		

০৬। উদ্যোগ বাস্তবায়ন সংক্রান্ত ব্যাকগ্রাউন্ড ওয়ার্ক:

ক) ডিজিটাল স্টেনসিল ফ্রেম তৈরি ও ছাপ প্রদান:

কাঠের ফ্রেমে কম্পিউটারে তৈরি স্ক্রিন প্রিন্ট পেপার লাগিয়ে ডিজিটাল স্টেনসিল তৈরি করা হয়। স্ক্রিন প্রিন্টের ভিতরের বর্ডারের পরিমাপ: ১৬ ইঞ্চি x ১৪ ইঞ্চি। মূল অক্ষর ও সংখ্যার আকার ১.২৫ ইঞ্চি - ১.৫ ইঞ্চি। একটি টেবিলে খালিবস্তা রেখে তার উপর (খাদ্য অধিদপ্তরের লোগো সম্বলিত বস্তার অপরপিঠ) স্ক্রিন প্রিন্টের ডিজিটাল স্টেনসিল ফ্রেমটি রাখা হয়। স্ক্রিন প্রিন্টের উপর প্রস্তুতকৃত রংয়ের মিশ্রণ ঢেলে রাবার লাগানো কাঠের হ্যান্ডেল দ্বারা ঘষা দিয়ে স্টেনসিল ছাপ প্রদান করা হয়।

খ) টেকসই রংয়ের মিশ্রণ তৈরির প্রক্রিয়া:

০৫ লিটার পানির সাথে ৩০ গ্রাম সবুজ রংয়ের পাউডার (মিনা রং) এবং ১৫০ মি.লি. সাদা গাম মিশিয়ে ৬০০-৭০০ পিস খালি বস্তায় স্টেনসিল প্রদানের জন্য রংয়ের মিশ্রণ তৈরি করা হয়। মিশ্রিত রং ০৩-০৪ দিন পর্যন্ত ব্যবহার করা যায়।

গ) স্টেনসিলের খরচ (১০০০ পিস বস্তা):

ক্র.নং	আইটেমের নাম	খরচের পরিমাণ (টাকা)
১	স্ক্রিন প্রিন্টসহ ডিজিটাল স্টেনসিল ফ্রেম	৬০০/-
২	রং (৫০ গ্রাম)	৫০/-
৩	গাম (২৫০ গ্রাম)	১০০/-
৪	পানি	-
মোট		৭৫০/-

প্রতি পিস বস্তায় স্টেনসিল প্রদানের জন্য গড়ে রংয়ের খরচ- ৩০ পয়সা।

ঘ) স্টেনসিল কে, কোথায় প্রয়োগ করবে:

চালের বরাদ্দপ্রাপ্ত রাইস মিলার তার মিলে সরকারি বস্তায় স্টেনসিল প্রয়োগ করবে।

ঙ) গুদাম হতে সরবরাহকৃত সরকারি বস্তায় মিলারের চাল জমাদান নিশ্চিতকরণ:

খাদ্য অধিদপ্তরের সরবরাহকৃত বস্তায় বস্তা উৎপাদনকারী জুট মিলের নাম/কোড নম্বর লিখা থাকে। চুক্তিবদ্ধ রাইস মিলারকে গুদাম হতে বস্তা সরবরাহের সময় বস্তা উৎপাদনকারী জুট মিলের নাম/কোড নম্বর খামাল কার্ড/রেজিস্টারে লিখে রাখা হয়। মিলার চাল জমাদানের সময় বস্তার গায়ে উৎপাদনকারী জুট মিলের নাম/কোড নম্বর ক্রসচেক করে গুদাম হতে সরবরাহকৃত সরকারি বস্তায় চাল জমাদানের বিষয়টি নিশ্চিত করা হয়।

০৭। উদ্যোগ বাস্তবায়নে প্রয়োজনীয় রিসোর্সের পরিমাণ:

প্রয়োজনীয় সম্পদ			কোথা হতে ক্রয় করা হবে?
খাত	বিবরণ	প্রয়োজনীয় অর্থ	
জনবল	বিদ্যমান	-	-
বস্তুগত	১) স্ক্রিন প্রিন্টযুক্ত ডিজিটাল স্টেনসিল ফ্রেম ও রাবারযুক্ত কাঠের হ্যান্ডেল ক্রয় (০২ সেট) ২) সবুজ পাউডার রং (৫০০ গ্রাম) ৩) সাদা গাম (০২ লিটার)	২,০০০+৫০০+১,০০০ = ৩,৫০০/-	সিদ্দিক বাজার, ঢাকা
অন্যান্য	সবুজ রংয়ের মিশ্রণ তৈরি ও ডিজিটাল স্টেনসিল ছাপ প্রদানের প্রক্রিয়া কর্মকর্তা এবং চালকল মালিকদের মধ্যে ডেমন্স্ট্রেশন	৪,০০০/-	-
	পাইলটিং ভিডিও তৈরি	২৫,০০০/-	ব্রাহ্মণবাড়িয়া
প্রয়োজনীয় মোট অর্থ		৩২,৫০০/-	

০৮। উদ্যোগ বাস্তবায়নে বিদ্যমান নীতিমালা/ আইন/ সার্কুলারে পরিবর্তন:

খাদ্যশস্য সংগ্রহের বস্তায় স্টেনসিল প্রদানের ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদে বলা আছে “খালি বস্তার একপিঠে এলএসডি/সিএসডি ও জেলার নামসহ সংগ্রহ মৌসুম (বোরো/আমন) স্পষ্টভাবে লেখা স্টেনসিল দিয়ে মিলারকে বস্তা সরবরাহ করতে হবে। মিল থেকে সরাসরি গৃহীত চাল এবং ধান ছাঁটাইয়ের প্রাপ্ত ফলিত চাল, উভয় ক্ষেত্রে মিলার বস্তার অপরপিঠে নিচের দিকে মিলের নাম সম্বলিত স্টেনসিলের সুস্পষ্ট ছাপ (অক্ষর এবং সংখ্যার আকার কমপক্ষে দুই ইঞ্চি) প্রদান করবেন। স্টেনসিলের ছাপবিহীন খাদ্যশস্য ভর্তি বস্তা কোন গুদামে গ্রহণ করা যাবে না।”

নীতিমালায় পরিবর্তন প্রয়োজন (অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ):

“মিল থেকে সরাসরি গৃহীত চাল এবং ধান ছাঁটাইয়ের প্রাপ্ত ফলিত চাল, উভয় ক্ষেত্রে মিলার খাদ্য অধিদপ্তরের লোগো সম্বলিত বস্তার অপরপিঠে মিলের নাম, উপজেলা, সংগ্রহ মৌসুম (বোরো/আমন), এলএসডি/সিএসডি, জেলার নাম ও উৎপাদনের সময় সম্বলিত স্ক্রিন প্রিন্টের তৈরি ডিজিটাল স্টেনসিলের সুস্পষ্ট ছাপ (মূল অক্ষর এবং সংখ্যার আকার কমপক্ষে ১.২৫-১.৫ ইঞ্চি) প্রদান করবেন। ডিজিটাল স্টেনসিলের সুস্পষ্ট ছাপবিহীন খাদ্যশস্য ভর্তি কোন বস্তা গুদামে গ্রহণ করা যাবে না।”

৯। উদ্যোগটির বাস্তবায়নকারী টিম:

টিম লিডার	সদস্য-১	সদস্য-২	সদস্য-৩
সুবীর নাথ চৌধুরী জেলা খাদ্য নিয়ন্ত্রক ব্রাহ্মণবাড়িয়া।	মোঃ আবু কাউছার সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর এলএসডি, ব্রাহ্মণবাড়িয়া।	মোঃ মইনুল ইসলাম ভূঞা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।	মোঃ শাহাদাৎ হোসেন ভূইয়া খাদ্য পরিদর্শক ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, আশুগঞ্জ এলএসডি, ব্রাহ্মণবাড়িয়া।

১১. Details of the Owner:

নাম	পদবী	কর্মস্থল	মোবাইল নম্বর	ই-মেইল
সুবীর নাথ চৌধুরী	জেলা খাদ্য নিয়ন্ত্রক	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া	০১৭২৩-৭৭৯১৪৮	subir31st@gmail.com

১২. মেন্টরের তথ্য:

নাম	পদবী	অফিস	মোবাইল	ই-মেইল
মোঃ মাহবুবুর রহমান	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা (প্রাক্তন আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম)	০১৭১৫-৭৭২৯৪৮	rcfctg@gmail.com

স্টেনসিলের নমুনা

১৬ ইঞ্চি



মে/ এলিগেন্স অটোমেটিক রাইস মিল আশুগঞ্জ। আমন/১৯-২০ সংগ্রহ সিদ্ধ চাল আশুগঞ্জ এলএসডি ব্রাহ্মণবাড়িয়া। উৎপাদন: ডিসে/১৯-ফেব্রু/২০
--

→ ১৪ ইঞ্চি


প্রাপ্তি স্থান:

বিভাগীয় শহরের কম্পিউটার/প্রেস ও রংয়ের দোকান অথবা নবীন এন্টারপ্রাইজ, প্রোপাইটর: এইচ.এম শহিদুল ইসলাম (সুমন), ঠিকানা: ৬৭/২, সিদ্দিক বাজার, ঢাকা-১০০০, মোবাইল: ০১৭১১-১২৩৪১৪, ০১৭০৪-১৮৬৬০৩।




## উদ্যোগ বাস্তবায়নের চিত্র:

### বিদ্যমান পদ্ধতি:



চিত্র-১: বিদ্যমান পদ্ধতির স্টেনসিল



চিত্র-২: বিদ্যমান পদ্ধতির স্টেনসিলযুক্ত চালের বস্তা

### উদ্ভাবিত পদ্ধতি:



চিত্র-১: উদ্ভাবিত পদ্ধতির স্ক্রিনপ্রিন্ট স্টেনসিল ফ্রেম এবং রাবার লাগানো কাঠের হ্যান্ডল






চিত্র-২: পানির মধ্যে সবুজ রং ও সাদা গাম মিশিয়ে অমোচনীয় সবুজ রংয়ের মিশ্রণ তৈরি



চিত্র-৩: বস্তায় ডিজিটাল স্টেনসিল প্রদান কার্যক্রম ও ডিজিটাল স্টেনসিলযুক্ত খালিবস্তা



চিত্র-৪: মিলার কর্তৃক সরবরাহকৃত ডিজিটাল স্টেনসিলযুক্ত চালের বস্তা

## উদ্যোগ সারাদেশে রেল্লিকেশনের জন্য খাদ্য অধিদপ্তরের জারিকৃত পরিপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট  
খাদ্য ভবন, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.১০০.৩২.০১২.১৬.৩২৮

০১ অগ্রহায়ণ, ১৪২৭  
তারিখ:-  
১৬ নভেম্বর ২০২০

### পরিপত্র

বিষয়: চাল সংগ্রহের বস্তায় স্পষ্ট ডিজিটাল স্টেনসিল প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের ১১/১১/২০২০ খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৭.১৭.২১৪ নং স্মারক ও ১১/১১/২০২০ খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৭.১৭.২১৫ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ "মিল থেকে সরাসরি গৃহীত চাল এবং ধান ইটাইয়ের প্রাপ্ত ফলিত চাল, উভয় ক্ষেত্রে মিলার এলএসডি/সিএসডি হতে সরবরাহকৃত খাদ্য অধিদপ্তরের লোগো সযলিত বস্তায় অপরপক্ষে মিলের নাম, উপজেলায় নাম, সংগ্রহ মৌসুম (বোরো/আমন), সিঙ্ক/আতপ চাল, এলএসডি/সিএসডি, জেলার নাম ও উৎপাদনের সময় সযলিত ফিল্ম প্রিন্টের তৈরি ডিজিটাল স্টেনসিলের সুস্পষ্ট ছাপ (অক্ষর এবং সংখ্যার আকার কমলক্ষে ১.২৫-১.৫ ইঞ্চি) প্রদান করবেন। ডিজিটাল স্টেনসিলের সুস্পষ্ট ছাপবিহীন খাদ্যশস্য জরিপ বস্তা কোন গুদামে গ্রহণ করা যাবে না" মর্মে সংশোধন করা হয়েছে।

এমতাবস্থায়, অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদের সংশোধনীর আলোকে চাল সংগ্রহের বস্তায় স্পষ্ট ডিজিটাল স্টেনসিল প্রদানের জন্য নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো:


- (১) কম্পিউটারে তৈরি ফিল্ম প্রিন্ট পেপারে মিলের নাম, ঠিকানা, সংগ্রহ মৌসুম (বোরো/আমন), সিঙ্ক/আতপ চাল, এলএসডির নাম, জেলা, উৎপাদনের সময় গিছে ডিজিটাল স্টেনসিল তৈরি করতে হবে;
- (২) ফিল্ম প্রিন্টের কিতরের বর্জ্যের পরিমাণ হবে ১৬ ইঞ্চি x ১৪ ইঞ্চি। স্টেনসিলের লিখার মূল অক্ষর ও সংখ্যার আকার হবে ১.২৫-১.৫০ ইঞ্চি;
- (৩) কম্পিউটারে তৈরি ফিল্ম প্রিন্ট পেপার কাঠের ওয়েমে সংযুক্ত করে ডিজিটাল স্টেনসিল ফ্রেম তৈরি করতে হবে। ফিল্ম প্রিন্টের উপর রং ঢেলে রাখার যুক্ত কাঠের হ্যাডেল দ্বারা ঘষা দিয়ে স্টেনসিল ছাপ প্রদান করতে হবে;
- (৪) স্টেনসিল ছাপ প্রদানের জন্য অমোচনীয় সবুজ রং/কালি ব্যবহার করতে হবে। ০৫ লিটার পানির সাথে ০২ চা চামচ (প্রায় ৩০ গ্রাম) সবুজ পাউডার রং ও ১৫০ মি.লি. সাদা গাম (Acrylic polymer) মিশিয়ে অমোচনীয় সবুজ রংয়ের মিশ্রণ তৈরি করা যেতে পারে। সবুজ রং ব্যতীত অন্য কোন রং/কালি ব্যবহার করা যাবেনা;
- (৫) খাদ্য অধিদপ্তরের লোগো সযলিত বস্তায় অপরপক্ষে ডিজিটাল স্টেনসিল ছাপ প্রদান করতে হবে। বস্তার উপর স্টেনসিল ফ্রেমটি রেখে ফিল্মপ্রিন্টের উপর সবুজ রংয়ের মিশ্রণ ঢেলে রাখারযুক্ত কাঠের হ্যাডেল দ্বারা ঘষা দিয়ে স্টেনসিল ছাপ প্রদান করতে হবে;
- (৬) চুক্তিবদ্ধ মিলার নিজ ঘরচে তার মিলের জন্য ডিজিটাল স্টেনসিল তৈরি করবেন এবং এলএসডি হতে সরবরাহকৃত খালি বস্তায় মিল ও এলএসডির ডিজিটাল স্টেনসিল ছাপ প্রদান করবেন;

(৭) চুক্তিবদ্ধ মিলারকে গুদাম হতে খালি বস্তা সরবরাহের সময় ক্রয়কারী কর্মকর্তা বস্তা উৎপাদনকারী জুট মিলের নাম খামলা কার্ড ও রেজিস্টারে লিখে রাখবেন এবং মিলারের নিকট হতে চাল জমা নেয়ার সময় বস্তার গায়ে জুট মিলের নাম ক্রসডেক করে গুদাম হতে সরবরাহকৃত সরকারি বস্তায় চাল জমাদানের বিধিমাটি নিশ্চিত করবেন;

(৮) কোন ক্রয়কেন্দ্রের উপজেলায়/নিকটবর্তী এলাকায় বস্তা প্রিন্ট করার সুবিধা থাকলে, চুক্তিবদ্ধ মিলার ইচ্ছে করলে উপরোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করে বস্তায় ফিল্মপ্রিন্টের ডিজিটাল স্টেনসিল প্রিন্ট করে নিতে পারবেন;

(৯) নিম্নোক্ত নমুনা মোতাবেক চাল সংগ্রহের ডিজিটাল স্টেনসিল তৈরি করতে হবে:

### স্টেনসিল প্রদানের পর



(১০) "খাদ্যশস্য সংগ্রহের বস্তায় ডিজিটাল স্টেনসিল প্রদানের নির্দেশিকা" পরিপত্রের সাথে সংযুক্ত করে দেওয়া হলো। এছাড়া, সংগ্রহের বস্তায় ডিজিটাল স্টেনসিল ছাপ প্রদানের ব্যবহারিক কৌশলের ভিডিও খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটের নিচের লিঙ্কে "ফটো ও ভিডিও" অংশে অথবা [www.youtube.com](http://www.youtube.com) এ খাদ্য অধিদপ্তরের চ্যানেল "cnu\_dgfood" এ অনুসন্ধান করে ডাউনলোড করে নেওয়া যাবে;

(১১) ডিজিটাল স্টেনসিল ব্যতীত বস্তায় চাল সংগ্রহ করলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সারোয়ার মাহমুদ  
মহাপরিচালক।

### বিতরণ:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ২) খাদ্যমন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) ডিরেক্টর মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৪) প্রধান মিলার, সরকারী ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।

৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল) .....

৭) সাইলো অধীক্ষক (সকল) .....

৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (পরিপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) .....

১০) ঢাকাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা।

১১) ব্যবস্থাপক (সকল) .....

১২) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) .....

১৩) এসএডএমও (সকল) .....

১৪) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) .....

১৫) অফিস কপি।



খাদ্য অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১

ক্রম	উদ্দেশ্য (Objectives)	বিষয়ের মান (Weight of Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target /Criteria Value for 2020-2021)				
							অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে
							১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	
১	উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন	১০	১.১ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন	১.১.১ কর্মপরিকল্পনা প্রণীত	তারিখ	৪	৩০-৭-২০২০	৪-৮-২০২০	৮-৮-২০২০	১১-৮-২০২০	১৬-৮-২০২০
			১.২ উদ্ভাবন কর্মপরিকল্পনা মহামারী/আপদকাল মোকাবেলার সাথে সম্পৃক্ততা	১.২.১ প্রণীত কর্মপরিকল্পনায় মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের রূপরেখা প্রকাশ	তারিখ	৩	৩০-৭-২০২০	৪-৮-২০২০	৮-৮-২০২০	১১-৮-২০২০	১৬-৮-২০২০
			১.৩ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ	১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগে প্রেরিত	তারিখ	১	৪-৮-২০২০	১১-৮-২০২০	১৬-৮-২০২০	২২-৮-২০২০	২৮-৮-২০২০
			১.৪ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা তথ্য বাতায়নে প্রকাশ	১.৪.১ তথ্য বাতায়নে প্রকাশিত	তারিখ	২	১০-৮-২০২০	১৪-৮-২০২০	১৮-৮-২০২০	২২-৮-২০২০	২৮-৮-২০২০
২	ইনোভেশন টিমের সভা	৬	২.১ ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান	২.১.১ সভা অনুষ্ঠিত	সংখ্যা	৪	৬	৫	৪	৩	২
			২.২ ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	২.২.১ সিদ্ধান্ত বাস্তবায়িত	%	২	৯৫	৮০	৭৫	৭০	৬৫
৩	উদ্ভাবন খাতে (কোড নম্বর- ৩২৫৭১০৫) বরাদ্দ	৪	৩.১ উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বাজেট বরাদ্দ	৩.১.১ বাজেট বরাদ্দকৃত	টাকা	২					
			৩.২ উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়	৩.২.১ উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়িত	%	২	৯০	৮৫	৮০	৭৫	৭০
৪	সক্ষমতা বৃদ্ধি	৯	৪.১ উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/ সেমিনার	৪.১.১ কর্মশালা/ সেমিনার অনুষ্ঠিত	সংখ্যা	৩	২	১	-	-	-
			৪.২ উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন	৪.২.১ প্রশিক্ষণ আয়োজিত	সংখ্যা (জন)	৩	২০	১৫	১০	-	-
			৪.৩ সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ	৪.৩.১ প্রশিক্ষণ আয়োজিত	সংখ্যা (জন)	৩	২০	১৫	১০	-	-



ক্রম	উদ্দেশ্য (Objectives)	বিষয়ের মান (Weight of Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target /Criteria Value for 2020-2021)				
							অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে
							১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
			আয়োজন								
৫	স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ আহবান, যাচাই-বাছাই- সংক্রান্ত কার্যক্রম	৪	৫.১ উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশ	৫.১.১ উদ্ভাবনী উদ্যোগের তালিকা তথ্য বাতায়নে প্রকাশিত	তারিখ	৪	৩-১১- ২০২০	৫-১১- ২০২০	১০-১১- ২০২০	১৭-১১- ২০২০	২০-১১- ২০২০
৬	উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন	৬	৬.১ ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারি	৬.১.১ পাইলটিং বাস্তবায়নের আদেশ জারিকৃত	তারিখ	৩	১৯-১২- ২০২০	২৪-১২- ২০২০	৩০-১১- ২০২০	৫-১- ২০২১	১০-১- ২০২১
			৬.২ উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন	৬.২.১ পাইলটিং বাস্তবায়ন মূল্যায়িত	তারিখ	৩	১-০৩- ২০২১	৫-৩- ২০২১	১০-৩- ২০২১	১৫-৩- ২০২১	১৯-৩- ২০২১
৭	উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং)	৬	৭.১ ন্যূনতম একটি উদ্ভাবন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আয়োজিত প্রদর্শনীতে (শোকেসিং) অংশগ্রহণ	৭.১.১ আয়োজিত উদ্ভাবন প্রদর্শনীতে অংশগ্রহণ	তারিখ	৬	১৫-০৫- ২০২১	২২-৫- ২০২১	২৯-৫- ২০২১	১০-৬- ২০২১	১৫-৬- ২০২১
৮	উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে বাস্তবায়ন	৮	৮.১ ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/ জাতীয় পর্যায়ে বাস্তবায়ন	৮.১.১ বাস্তবায়নের জন্য অফিস আদেশ জারিকৃত	তারিখ	৮	১০-৬- ২০২১	১৬-৬- ২০২১	২০-৬- ২০২১	২৫-৬- ২০২১	৩০-৬- ২০২১
৯	স্বীকৃতি বা প্রণোদনা প্রদান	৫	৯.১ উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র /ফ্রেস্ট/ পুরস্কার প্রদান	৯.১.১ প্রশংসাসূচক উপ- আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র /ফ্রেস্ট/ পুরস্কার প্রদানকৃত	সংখ্যা (জন)	৩	৩	২	১	-	-
			৯.২ উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ /নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ	৯.২.১ শিক্ষা সফর/ প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরিত	সংখ্যা (জন)	২	১০	৮	৬	৪	২
১০	তথ্য বাতায়নহালনাগাদ করণ	৮	১০.১ ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য আপলোড/ হালনাগাদকরণ	১০.১.১ উদ্ভাবনের তথ্য আপলোডকৃত/ হালনাগাদকৃত	নিয়মিত (%)	৪	১০০	৯০	৮০	৭০	৬০

ক্রম	উদ্দেশ্য (Objectives)	বিষয়ের মান (Weight of Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target /Criteria Value for 2020-2021)				
							অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে
							১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
			১০.২ বছরভিত্তিক পাইলট ও বাস্তবায়িত সেবা সহজিকরণের তথ্য আপলোড/ হালনাগাদকরণ	১০.২.১ সেবা সহজিকরণের তথ্য আপলোড/ হালনাগাদকৃত	%	২	১০০	৯০	৮০	৭০	৬০
			১০.৩ বাস্তবায়িত ডিজিটাল-সেবার তথ্য আপলোড/ হালনাগাদকরণ	১০.৩.১ ডিজিটাল-সেবার তথ্য আপলোড/ হালনাগাদকৃত	%	২	১০০	৯০	৮০	৭০	৬০
১১	ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন	৪	১১.১ ন্যূনতম একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করা	১১.১.১ একটি ডিজিটাল সেবা বাস্তবায়িত	তারিখ	৪	১৫-২-২০২১	১৫-৩-২০২১	৩১-৩-২০২১	৩০-৪-২০২১	৩০-৫-২০২১
১২	সেবা সহজিকরণ	৮	১২.১ ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়ন	১২.১.১ সহজিকরণের পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ জারিকৃত	তারিখ	৪	১৫-১০-২০২০	২০-১০-২০২০	২৪-১০-২০২০	২৮-১০-২০২০	৩০-১০-২০২০
			১২.২ ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণ সারাদেশে সম্প্রসারণ/ রেল্লিকেশন	১২.২.১ সেবা সহজিকরণ বাস্তবায়নে চূড়ান্ত অফিস আদেশ জারিকৃত	তারিখ	৪	১৫-০৪-২০২১	৩০-৪-২০২১	১৫-৫-২০২১	৩০-৫-২০২১	১৫-৬-২০২১
১৩	পরিবীক্ষণ	৭	১৩.১ উদ্ভাবনগণের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা (ক্যালেন্ডার) প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ	১৩.১.১ উদ্ভাবনগণের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণীত	তারিখ	৩	১৯-১২-২০২০	২৪-১২-২০২০	৩০-১১-২০২০	৫-১-২০২১	১০-১-২০২১
			১৩.২ উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ	১৩.২.১ উদ্ভাবকগণের সঙ্গে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে টিমের সভা আয়োজিত	সংখ্যা	২	৩	২	১	-	-
			১৩.৩ মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান	১৩.৩.১ প্রকল্প পরিদর্শনকৃত এবং সহায়তা প্রদানকৃত	সংখ্যা (কয়টি)	২	৩	২	১	-	-
১৪		৭	১৪.১ বাস্তবায়িত উদ্ভাবনী	১৪.১.১ ডকুমেন্টেশন		৪	২০-০৫-	২৫-৫-	৩১-৫-	১০-৬-	১৫-৬-

ক্রম	উদ্দেশ্য (Objectives)	বিষয়ের মান (Weight of Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target /Criteria Value for 2020-2021)				
							অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে
							১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
	ডকুমেন্টেশন প্রকাশনা		উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা (পাইলট ও সম্প্রসারিত)	প্রকাশিত	তারিখ		২০২১	২০২১	২০২১	২০২১	২০২১
			১৪.২ সেবা সহজিকরণের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা	১৪.২.১ ডকুমেন্টেশন প্রকাশিত	তারিখ	৩	২০-০৫- ২০২১	২৫-৫- ২০২১	৩১-৫- ২০২১	১০-৬- ২০২১	১৫-৬- ২০২১
১৫	উদ্ভাবন কর্মপরিকল্পনা মূল্যায়ন	৮	১৫.১ উদ্ভাবন পরিকল্পনার অর্ধ- বার্ষিক স্ব-মূল্যায়ন	১৫.১.১ অর্ধ- বার্ষিক প্রতিবেদন স্ব-মূল্যায়িত	তারিখ	৩	৩০-১- ২০২১	৫-২- ২০২১	১০-২- ২০২১	১৭-২- ২০২১	২০-২- ২০২১
			১৫.২ উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ- বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ	১৫.২.১ অর্ধ- বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রেরিত	তারিখ	১	৫-২- ২০২১	১০-২- ২০২১	১৭-২- ২০২১	২০-২- ২০২১	২৫-২- ২০২১
			১৫.৩ উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন	১৫.৩.১ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতকৃত	তারিখ	৩	১৫-৭- ২০২১	২০-৭- ২০২১	২৩-৭- ২০২১	২৬-৭- ২০২১	৩০-৭- ২০২১
			১৫.৪ উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ	১৫.৪.১ মূল্যায়ন প্রতিবেদন প্রেরিত	তারিখ	১	২০-৭- ২০২১	২৩-৭- ২০২১	২৬-৭- ২০২১	৩০-৭- ২০২১	৫-৮- ২০২১